

## দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ বিবাহ ও দাম্পত্য রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

আমি স্ত্রীকে বলেছিলাম, 'তুমি তোমার দোলাভাইয়ের বাড়ী গেলে তোমাকে তালাক।' অতঃপর সে আমার কথা মানেনি, সে তার দুলাভাইয়ের বাড়ী গেছে। এখন কি তালাক হয়ে যাবে? এখন আমার করণীয় কি?

অবাধ্য বউকে বাধ্য করার জন্য তালাকের হুমকি দেওয়া যায়, কিন্তু তাকে জীবন থেকে সরিয়ে দেওয়ার সংকল্প না থাকলে তালাক দিয়ে ফেলতে হয় না। তবুও নিয়ত যদি জীবন থেকে সরিয়ে দেওয়ার এবং তালাক দেওয়ার থাকে, তাহলে তালাক হয়ে যাবে। ইদ্দতের মধ্যে তাকে যথা নিয়মে ফিরিয়ে নিতে হবে। পক্ষান্তরে তাকে কেবল সক্তভাবে বাধা দেওয়ার নিয়ত থাকলে এবং তালাকের নিয়ত আদৌ না থাকলে তালাক হবে না। বরং তার মান হবে কসমের। সে ক্ষেত্রে কসমের কাফফারা আদায় করতে হবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=476

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন